পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
প্রধান কার্যালয়
রাঙ্গামাটি
পরিকল্পনা অধিশাখা

## ২০২০-২০২১ অর্থ বছরে "ইনোভেশন টিম"-এর ১ম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ড. প্রকাশ কান্তি চৌধুরী<br>সদস্য-পরিকল্পনা ও ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | ১০/০৯/২০২০খ্রিঃ |
| সভার সময় | বেলা ১.০০ ঘটিকা |
| স্থান | "কর্ণফুলী" সম্মেলন কক্ষ, প্রধান কার্যালয়, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি |
| উপস্থিতি | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা স্বাক্ষরের ক্রমানুসারে "পরিশিষ্ট-ক" তে সংযুক্ত |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অত:পর তিনি ইনোভেশন কার্যক্রমের উপর মন্ত্রিপরিষদ বিভাগ ও পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত নির্দেশনা, বোর্ডের ইনোভেশন টিমের গঠন ও কার্যাবলী ইত্যাদি বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

| ক্রম. | আলোচ্য বিষয়/আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১) | **বিগত অর্থ বছরে কার্যক্রম পযালোচনা:**<br><br>সভাপতি জানান বিগত বছরে ইনোভেশন কার্যক্রমের বেশকিছু কার্যক্রম সম্পাদন করা হয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য কার্যক্রম হলো- অনলাইনে শিক্ষাবৃত্তির আবেদন গ্রহণ ও অটোমেশন পদ্ধতিতে ফলাফল প্রস্তুতকরণ এবং অনলাইনে প্রকল্প/স্কিমের আবেদন গ্রহণ। বর্ণিত দু'টি কার্যক্রম বাস্তবায়নের ফলে দেশের বিভিন্ন প্রতিষ্ঠানে উচ্চশিক্ষায় অধ্যয়নরত শিক্ষার্থীরা স্ব স্ব জায়গা থেকেই আবেদন দাখিল করতে পারছে। এ অনলাইন সফটওয়্যারটি এমনভাবে তৈরি করা হয়েছে যাতে করে সহজেই যে কোন কনফিগারেশনের অ্যান্ড্রয়েড মোবাইলের মাধ্যমে আবেদন সহজেই সম্পন্ন করা যায়। এছাড়াও, অনলাইনে প্রকল্প স্কিমের আবেদন গ্রহণ কার্যক্রম শুরু করার ফলে এখন বিভিন্ন প্রত্যন্ত এলাকা থেকেও সহজে ঘরে বসেই প্রকল্প/স্কিমের জন্য আবেদন দাখিল করা সম্ভব হচ্ছে। তবে, শিক্ষাবৃত্তির আবেদন গ্রহণের সফটওয়ারটির মত এটি যথেষ্ঠ পরিচিতি পায় নি বলে তিনি মত প্রকাশ করেন। এর জন্য টিমের সকল সদস্যবৃন্দকে যার যার অবস্থানে থেকে এ বিষয়টি প্রচার করার জন্য অনুরোধ জানান।<br><br>তিনি আরো জানান যে, বিগত বছরে বোর্ডের ইনোভেশন কার্যক্রমের ডকুমেন্টেশন যথাযথভাবে করা যায় নি। এছাড়াও "কোভিড-১৯"-এর কারণে মন্ত্রণালয় কর্তৃক শো-কেসিং কার্যক্রমও করা হয়নি। যা, সার্বিকভাবে মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের অধীনস্থ সংস্থা হিসেবে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এর পয়েন্ট কম প্রাপ্তির বিষয়ে তিনি আশংকা প্রকাশ করেন। | ১.১ চলতি ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম যথাযথভাবে সমাপ্ত করতে হবে।<br><br>১.২ অনলাইনে প্রকল্প/স্কিম আবেদন গ্রহণের বিষয় স্ব স্ব অবস্থান থেকে প্রচার করতে হবে। | ইনোভেশন টিম |
| ২) | **কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্তঃ** এ বিষয়ে সভাপতি জানান, মন্ত্রিপরিষদ বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকার আলোকে বোর্ডের উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক চলতি ২০২০-২০২১ অর্থ বছরে বোর্ডের বার্ষিক উদ্ভাবনী কর্মপকিল্পনা ই-নথির মাধ্যমে প্রণয়ন করা হয়েছে এবং যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং বোর্ডের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | ২.১ উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রম ই-নথির মাধ্যমে বাস্তবায়ন করতে হবে।<br><br>২.২ ইনোভেশন টিমের যাবতীয় কার্যাবলী যথাসময়ে বোর্ডের ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ইনোভেশন অফিসার/প্রশাসনিক কর্মকর্তা/সহকারী পরিকল্পনা কর্মকর্তা |
| ৩) | **বরাদ্দ সংক্রান্তঃ** সভাপতি জানান বিগত অর্থ বছরে বরাদ্দে সংস্থান না থাকা, কোভিড-১৯ এর কারণে সরকার কর্তৃক ঘোষিত সাধারণ ছুটি ইত্যাদি কারণে ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন কিছুটা ব্যাহত হয়। এ বিষয়টি মাথায় রেখে চলতি অর্থবছরে "উদ্ভাবন খাত" এর কোড নং-৩২৫৭১০৫-তে মোট ১০.০০ লক্ষ টাকা বরাদ্দ সংস্থান রাখা হয়েছে। যা, সেবা সহজীকরণ, প্রশিক্ষণ, সেমিনার/কর্মশালা, ডকুমেন্টেশন, পুরষ্কার প্রদান ইত্যাদি খাতে ব্যয় করা হবে। | ৩.১ বরাদ্দ মোতাবেক যথাযসময়ে সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ইনোভেশন টিম |

| | | | |
|---|---|---|---|
| ৪) | **চলতি বছরে জন্য আইডিয়া প্রস্তাব আহবানঃ**<br><br>এ বিষয়ে সভাপতি জানান, চলতি ২০২১-২০২১ অর্থ বছরে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী চলতি আগামী ১ অক্টোবর থেকে ৩০ অক্টোবর পর্যন্ত সময়সীমা নির্ধারণ করে নতুন আইডিয়া ই-নথির মাধ্যমে আহবান করা হবে। এ সংশ্লিষ্ট নোটিশ যথাযসময়ে জারী করা হবে এবং বোর্ডের সকল অধিশাখা, শাখা ও ইউনিটসমূহে প্রেরণ করা হবে। এ বিষয়ে তিনি ইনোভেশন টিমের সদস্যগণকে স্ব স্ব অধিশাখা, শাখা ও ইউনিটের সকলের নিকট এ বিষয়টি পৌঁছানোর অনুরোধ জানান। | ৪.১ নতুন আইডিয়া আহবান সংশ্লিষ্ট নোটিশ জারি করতে হবে;<br><br>৪.২ স্ব স্ব অধিশাখা, শাখা ও ইউনিটের সকলকে নতুন আইডিয়া প্রস্তাবের বিষয়ে অবহিত করতে হবে। | ইনোভেশন অফিসার/ইনোভেশন টিম |
| ৫) | **বিবিধঃ** বোর্ডের খাগড়াছড়ি ইউনিট কার্যালয়ের উপ-সহকারী প্রকৌশলী ও ইনোভেশন টিমের সদস্য জনাব পনেল বড়ুয়া বলেন, বোর্ডের খাগড়াছড়ি ইউনিট কার্যালয়ের সহকারী প্রকৌশলী জনাব মোঃ খোরশেদ আলম উদ্ভাবনী কার্যক্রম সংক্রান্ত বিষয়ে খুবই দক্ষ একজন কর্মকর্তা। তিনি বোর্ডের ইনোভেশন টিমের একজন "সদস্য" হিসেবে জনাব মোঃ খোরশেদ আলম, সহকারী প্রকৌশলী, ইউনিট কার্যালয়, খাগড়াছড়ি-কে "কো-অপ্ট" করার বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>এ বিষয়ে সভাপতি বলেন, বোর্ডের ইনোভেশন টিম গত ০৭/০৯/২০২০ খ্রি: তারিখে পুর্নগঠন (৩য় বার) করা হয়েছে। সদস্য "কো-অপ্ট" করার প্রস্তাবটি বোর্ড কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা হবে। উপস্থিত সকলে এ বিষয়ে একমত পোষণ করেন। | ৫.১ বোর্ডের খাগড়াছড়ি ইউনিট কার্যালয়ের সহকারী প্রকৌশলী জনাব মোঃ খোরশেদ আলম-কে ইনোভেশন টিমের "সদস্য" হিসেবে কো-অপ্ট করার প্রস্তাব বোর্ড কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে। | ইনোভেশন অফিসার/সহকারী পরিকল্পনা কর্মকর্তা |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. প্রকাশ কান্তি চৌধুরী
সদস্য-পরিকল্পনা ও ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ২৯.৩১.২০৮৪.০০৮.৩২.০০১.১৯-৯৭

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৭
৩০ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

২) ভাইস-চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

৩) সদস্য-প্রশাসন, সদস্য-প্রশাসন এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

৪) সদস্য-অর্থ (অতিরিক্ত দায়িত্ব), সদস্য-অর্থ এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

৫) সদস্য-বাস্তবায়ন, সদস্য-বাস্তবায়ন এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

৬) নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল শাখা, রাঙ্গামাটি, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

৭) নির্বাহী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), ইউনিট অফিস, খাগড়াছড়ি, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

৮) নির্বাহী প্রকৌশলী (ভারপ্রাপ্ত), ইউনিট অফিস, বান্দরবান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

৯) উপ-সচিব ও সদস্য, ইনোভেশন টিম এবং চেয়ারম্যানের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)

১০) গবেষণা কর্মকর্তা ও সদস্য, ইনোভেশন টিম, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

১১) জনাব তুষিত চাকমা, সহকারী প্রকৌশলী ও সদস্য, ইনোভেশন টিম, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান

১২) জনাব পনেল বড়ুয়া, উপ-সহকারী প্রকৌশলী ও সদস্য, ইনোভেশন টিম, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, খাগড়াছড়ি

১৩) প্রশাসনিক কর্মকর্তা ও সদস্য, ইনোভেশন টিম, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি (সভার কার্যবিবরণী বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)

১৪) জনাব মনতোষ চাকমা, সহকারী পরিকল্পনা কর্মকর্তা ও সদস্য ইনোভেশন টিম, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি

ড. প্রকাশ কান্তি চৌধুরী
সদস্য-পরিকল্পনা ও ইনোভেশন অফিসার